

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৪৭৫

আগরতলা, ৩১ অক্টোবর, ২০২৩

প্রাক্তন মন্ত্রীর প্রয়াণে রাজ্যপালের শোক

প্রাক্তন মন্ত্রী সুনীল চন্দ্র দাসের প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু। আজ এক শোক বার্তায় রাজ্যপাল বলেন, ‘প্রাক্তন মন্ত্রী সুনীল চন্দ্র দাসের প্রয়াণে আমি মর্মান্বিত। তিনি ছিলেন মানবদরদী। আমাদের রাজ্যের উন্নয়নে তিনি উল্লেখযোগ্য অবদান রেখে গেছেন। আমি প্রয়াতের পরিবার পরিজনদের প্রতি সমবেদনা জানাই এবং তার আত্মার শান্তি কামনা করছি। এই শোক বহন করার জন্য ঈশ্বর যেন পরিবার পরিজন ও নিকট আত্মীয়দের শক্তি প্রদান করেন।’

\*\*\*\*\*